

মে/২০২২ মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ

সভার তারিখ : ১৬/০৫/২০২২ খ্রি. সকাল ১১.৩০ ঘটিকায়

সভাপতি : মো: শরিফুল ইসলাম সরকার, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ।

উপস্থিতি তালিকা : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব বিগতসভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র:নং	আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	<p>আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটি সভাকরণ</p> <p>সিদ্ধান্ত : প্রতিমাসের ০৭ তারিখের মধ্যে নিয়মিত উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটির সভা আহ্বান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ মহোদয়ের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটি
২.	<p>আলোচনা: উপজেলায় বেশকিছু কমিউনিটি ক্লিনিক, অস্থায়ী টিকাদান কেন্দ্র, স্বাস্থ্য কেন্দ্র ও কমিউনিটি ক্লিনিকের মেরামত কাজ চলমান রয়েছে। সিডিউল মোতাবেক এসব কাজ সম্পন্ন করা হচ্ছে কিনা সে বিষয়ে সরেজমিনে তদারকির জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>সিদ্ধান্ত: উপজেলায় কমিউনিটি ক্লিনিক, অস্থায়ী টিকাদান কেন্দ্র, ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্র গুলোর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন এবং ইতোমধ্যে চলমান কমিউনিটি ক্লিনিকের মেরামতের কাজ সিডিউল মোতাবেক সম্পন্ন করা হচ্ছে কিনা সে বিষয়ে সরেজমিনে তদারকির জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে অনুরোধ জানানোর বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সংক্রান্ত কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

সংক্রান্ত কমিটি

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

তারিখ : ১৬/০৫/২০২২ খ্রি।

স্মারক নং-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান.....ইউনিয়ন পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
৫. অফিস কপি।

সদস্য সচিব

উপজেলা পরিষদ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ

সংক্রান্ত কমিটি

গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।